

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৬৯০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৮০]

১৬। <u>হজ্জ</u> (حاب الحج)

পরিচ্ছেদঃ ১. হজ্জ ও উমরার ইহরাম অবস্থায় কী ধরনের পোশাক পরিধান করা জায়িয ও কী ধরনের পোশাক নাজায়িয এবং ইহরাম অবস্থায় সুগন্ধির ব্যবহার নিষিদ্ধ

باب مَا يُبَاحُ لِلْمُحْرِمِ بِحَجِّ أَنْ عُمْرَةٍ وَمَا لاَ يُبَاحُ وَبَيَانِ تَحْرِيمِ الطِّيبِ عَلَيْهِ

আরবী

حَدَّثَنِي زُهُيْرُ بِنُ حَرْب، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بِنُ إِبْرَاهِيم، ح وَحَدَّثَنَا عَبْدُ بِنُ حُمَيْدٍ، أَخْبَرَنَا مُحُمَّدُ بِنُ بَكْرٍ، قَالاَ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، ح وَحَدَّثَنَا عَلِيُّ بِنُ خَشْرَم، _ وَاللَّقْظُ لَهُ _ أَخْبَرَنَا عِيسَى، عَنِ ابْنِ جُرَيْجٍ، قَالَ أَخْبَرَنِي عَطَاءٌ، أَنَّ صَغْوَانَ بْنَ يَعْلَى بْنِ أَمْيَّة، أَخْبَرَهُ أَنَّ يَعْلَى كَانَ يَقُولُ لِعُمَرَ بْنِ الْخَطَّابِ _ رضى الله عنه _ لَيْتَنِي أَرَى نَبِيَّ اللّهِ صلى الله عليه وسلم بِالْجِعْرَانَةِ وَعَلَى الله عليه وسلم حِينَ يُنْزَلُ عَلَيْهِ . فَلَمَّا كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم بِالْجِعْرَانَةِ وَعَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم بالْجِعْرَانَةِ وَعَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم بَوْبٌ قَدْ أُظِلَّ بِهِ عَلَيْهِ مَعَهُ نَاسٌ مِنْ أَصْحَابِهِ فِيهِمْ عُمَرُ إِذْ النَّبِيِّ صلى الله عليه وسلم تَوْبٌ قَدْ أُظِلَّ بِهِ عَلَيْهِ مَعَهُ نَاسٌ مِنْ أَصْحَابِهِ فِيهِمْ عُمُرُ إِذْ جَاءَهُ رَجُلُ عَلَيْهِ جُبَّةُ صُوف مُتَصَمَّخٌ بِطِيبِ فَقَالَ يَا رَسُولَ اللّهِ كَيْفَ تَرَى فِي رَجُلٍ جَاءَهُ رَجُلُ عَلَيْهِ مَعْمَدُ إِلَى يَعْلَى بْنِ أُمَيَّةَ تَعَالَ . فَجَاءَهُ الْوَحْيُ فَقَالَ " أَيْنَ مُرَمَ فِي جُبَّةٍ بَعْدَ مَا تَضَمَّخُ بِطِيبِ فَقَالَ النَّبِيُ صلى الله عليه وسلم سَاعَةً ثُمَّ سُكَتَ فَجَاءَهُ الْوَحْيُ عَلَى اللهِ عليه وسلم مُحْمَدُ الْوَجْهِ يَغِطُّ سَاعَةً ثُمَّ سُرِّيَ عَنْ الْعُمْرَةِ آنِفًا " . فَالْتُمِسَ الرَّجُلُ فَجَيءَ بِهِ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم قَلْ الْوَجْهِ يَغِطُّ سَاعَةً ثُمَّ سُرِّيَ عَنْ الْعُمْرَةِ آنِفًا " . فَالْتُمِسَ الرَّجُلُ فَجَيءَ بِهِ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَمَّا الْطِيبُ أَلْقُ عَنْ الْعُمْرَةِ آنِفًا " . فَالْتُمِسَ الرَّجُلُ فَجَيءَ بِهِ فَقَالَ النَّبِيُّ مَا الْطَيْعِ فَي حَجِكَ " . وَسُلَمُ قَلْ الْمُعَمِّ أَوْمُ مَا تَصْنَعُ فِي حَجِكَ " .

বাংলা

২৬৯০-(৮/...) যুহায়র ইবনু হারব, আবদ ইবনু হুমায়দ ও আলী ইবনু খাশরম (রহিমাহুমাল্লাহ) ইয়া'লা ইবনু উমাইয়াহ (রাযিঃ) উমর ইবনুল খাত্ত্বাব (রাযিঃ) কে বলতেন, আহা! নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর যখন ওয়াহী নাযিল হয়, আমি যদি সে অবস্থায় তাকে দেখতে পেতাম! একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম



জিরানায় অবস্থান করছিলেন এবং একটি কাপড়ের সাহায্যে তার উপর ছায়া বিস্তার করা হয়েছিল। তার সঙ্গে তার কিছু সংখ্যক সাহাবাও ছিলেন- যাদের মধ্যে উমর (রাযিঃ)-ও ছিলেন। এ সময় এক ব্যক্তি সুগন্ধিযুক্ত জুব্বাহ পরিহিত অবস্থায় তার নিকট উপস্থিত হয়ে বলল, হে আল্লাহর রসূল! এক ব্যক্তি জুব্বায় সুগন্ধি মেখে তা পরিহিত অবস্থায় উমরার ইহরাম বেঁধেছে, তার সম্পর্কে আপনার কী অভিমত? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার দিকে কিছুক্ষণ তাকিয়ে থাকলেন, অতঃপর নীরব রইলেন। এ সময় তার উপর ওয়াহী আসল।

উমার (রাযিঃ) হাতের ইশারায় ইয়া'লা ইবনু উমাইয়াহ (রাযিঃ) কে বললেন, এদিকে আসো। ইয়া'লা (রাযিঃ) এসে নিজের মাথা (কাপড়ের মধ্যে) ঢুকিয়ে দিলেন (এবং দেখলেন) নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম এর চেহারা লাল বর্ণ ধারণ করেছে এবং তার মুখ দিয়ে আওয়াজ বেরুচ্ছে। অতঃপর এ অবস্থা দূরীভূত হল এবং তিনি বললেন, এই মাত্র যে ব্যক্তি আমার নিকট উমরাহ সম্পর্কে জিজ্ঞেস করছিল- সে কোথায়? লোকটিকে খুঁজে এনে তার নিকট উপস্থিত করা হল। নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমার সুগন্ধি তিনবার ধুয়ে ফেল এবং জুব্বাহ খুলে ফেল। অতঃপর যে নিয়মে হাজ্জ (হজ্জ/হজ) কর, ঠিক সে নিয়মে 'উমরাহ কর। (ইসলামিক ফাউন্ডেশন ২৬৬৭, ইসলামীক সেন্টার ২৬৬৬)

English

Safwan b. Ya'la b. Umayya reported that Ya'la used to say to 'Umar b. Khattab (Allah be pleased with him):

Would that I see revelation descending upon the Messenger of Allah (**). (Once) when the Messenger of Allah (**) was in Ji'rana and there was a cloth which provided shade over him, and there were his Companions with him. 'Umar being one of them, there came a person with a cloak of wool on him daubed with perfume and he said: Messenger of Allah, what about the person who entered upon the state of Ihram with a cloak after daubing it with perfume? The Apostle of Allah (**) looked at him for a short while, and then became quiet, and revelation began descending upon him, and 'Umar gestured (with his hand) to Ya'la b. Umayya to come. Ya'la came and he entered his head (beneath the cloth and saw) the Messenger of Allah (**) with his face red, and breathing heavily. Then he felt relieved (of that burden) and he said: Where is the man who was just asking me about Umra? The man was searched for and he was brought, and the Messenger of Allah (**) said: So far as the perfume is concerned, wash it three times, and remove the cloak too (as it was sewn) and do in 'Umra as you do in Hajj.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=49773}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন